

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০

সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) পরিবীক্ষণের (জুলাই-সেপ্টেম্বর, ২০২১) সিদ্ধান্ত বাস্তবায়নের ত্রৈমাসিক প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয়ে জননিরাপত্তা বিভাগের গঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) পরিবীক্ষণ কমিটির সভা গত ৩০ সেপ্টেম্বর ২০২১ তারিখে কমিটির সভাপতি জনাব এ কে এম টিপু সুলতান, অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা) মহোদয়ের সভাপতিত্বে তাঁর অফিসকক্ষে অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় ২৩ সেপ্টেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত হয়েছে কিনা তা পরিবীক্ষণের সিদ্ধান্ত গৃহীত হয়।

১. সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির সিদ্ধান্তসমূহ:

(ক) প্রতিটি সেবার বিপরীতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম অন্তর্ভুক্তকরণপূর্বক সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করতে হবে।


(খ) প্রশাসন-২ শাখার তত্ত্বাবধায়নে হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি ডিজিটাল ডিসপ্লের মাধ্যমে জননিরাপত্তা বিভাগের অফিসের মূল ফটকে (ভবন নং-৮, বাংলাদেশ সচিবালয়) সর্বসাধারণের অবগতির জন্য প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।


২. সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি:


জননিরাপত্তা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্ চার্টার) পরিবীক্ষণ কমিটি কর্তৃক ৩০ সেপ্টেম্বর ২০২১ তারিখে যাচাই বাছাইপূর্বক দেখা যায় যে, বর্ণিত সিদ্ধান্তসমূহের মধ্যে (ক) থেকে (খ) সিদ্ধান্তসমূহ বাস্তবায়নপূর্বক ২৮ সেপ্টেম্বর ২০২১ তারিখে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) হালনাগাদকরণের কাজ সম্পন্ন করা হয়েছে (হালনাগাদকৃত সিটিজেনস্ চার্টার সংযুক্ত) এবং ২৮ সেপ্টেম্বর ২০২১ তারিখে হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে (স্ক্রিনশট সংযুক্ত)।

এছাড়াও প্রশাসন-২ শাখার তত্ত্বাবধায়নে হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি এ বিভাগের অফিসের মূল ফটকে (ভবন নং-৮, বাংলাদেশ সচিবালয়) সর্বসাধারণের অবগতির জন্য ডিজিটাল ডিসপ্লের মাধ্যমে প্রদর্শন করা হচ্ছে (স্থির চিত্র সংযুক্ত)।

৩. প্রতিবেদনটি সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।


বিকাশ বিশ্বাস
সিনিয়র সহকারী সচিব
বাজেট-১ শাখা
ও
সদস্য
সেবা প্রদান প্রতিশ্রুতি


আশাফুর রহমান
উপসচিব
প্রশাসন-৩ শাখা
ও
সদস্য সচিব
সেবা প্রদান প্রতিশ্রুতি


এ কে এম টিপু সুলতান
অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা)
জননিরাপত্তা বিভাগ
ও
আহ্বায়ক
সেবা প্রদান প্রতিশ্রুতি